ঝিনাইদহে করোনা আক্রান্ত মৃত নারীর দাফন সম্পন্ন

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে করোনা আক্রান্ত হয়ে মোছাঃ জাহানারা বেগম (৭০) নামের এক নারীর মৃত্যু হয়েছে। সে উপজেলার রঘুনাথপুর গ্রামের মৃত হবিবার রহমান বিশ্বাসের স্ত্রী।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক মোঃ আব্দুল হামিদ খান জানান, জাহানারা বেগম করোনা উপসর্গে অসুস্থ হওয়ার পর হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হন। গত বৃহস্পতিবার তার করোনা রিপোর্ট পজেটিভ আসে। পরে চিকিৎসক তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করলেও তিনি নিজ বাড়িতে চলে আসেন।

শুক্রবার দিবাগত রাতে তার মৃত্যু হয়। পরে ইসলামিক ফাউন্ডেশন গঠিত (ইফা) কমিটি তার জানাযা শেষে নিজ গ্রামের গোরস্থানে দাফন করে। এ নিয়ে মোট ৮০ জন করোনা আক্রান্ত ও উপসর্গ নিয়ে মৃত ব্যক্তির লাশ দাফন করলো ইফা গঠিত কমিটি।

ঝিনাইদহের করোনা পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন স্বাস্থ্য বিভাগ! মাস্ক ও স্বাস্থ্যবিধির বালাই নেই

ঝিনাইদহে উদ্বেগজনক হারে করোনা সংক্রমন বাড়তে থাকায় মানুষের মধ্যে আতংক সৃষ্টি হলেও স্বাস্থ্য সচেতনাতা নেই। রাস্তাঘাট, ব্যাংক ও অফিসে কেও স্বাস্থ্যবিধি মানছে না। পথচারীদের মাস্ক উধাও। থাকলেও থুতনির কাছে ঝুলছে।

ঝিনাইদহ শহরে অধিকাংশ মানুষ মাস্কবিহীন চলাচল করছে। এদিকে গত ২৪ ঘন্টায় ঝিনাইদহে নতুন করে ৫৪ জন আক্রান্ত হয়েছে। হরিণাকুন্ডু

উপজেলার রঘুনাথপুর গ্রামে জাহানারা খাতুন (৭০) নামে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। তিনি ওই গ্রামের হাবিবুর রহমানের স্ত্রী। স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন পরিস্থিতি হয়তো এখানেই স্থির থাকবেনা। সংক্রমণ যে গতিতে বাড়ছে তাতে ঝিনাইদহ নিরাপদ থাকবে এমনটা ভাবার কোনো কারণ নেই।

সীমান্তের জেলা হওয়ায় ঝিনাইদহ ভারতীয় ভ্যারিয়েন্টের পরবর্তী হটস্পট হতে পারে এমন শংকা বাড়ছে। এদিকে আজ শনিবার থেকে জেলা প্রশাসনের বিধি নিষেধ কার্যকর হচ্ছে। বিকাল ৫টার পর সব দোকানপাট ও ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করার নির্দেশনা জারি করা হয়েছে। শহরে ইজিবাইক, নছিমন, করিমন ও ভটভটি চলাচলে থাকছে বিধি নিষেধ। পুলিশ ও জেলা প্রশাসন নির্দেশনা বাস্তবায়নে মাঠে নামছে। তথ্য নিয়ে জানা গেছে, এ জেলার সাথে ভারতের ৭০ কিলোমিটার সীমান্ত রয়েছে।

অনেকেই দালালদের সহায়তায় সীমান্ত রক্ষীদের চোখ ফাঁকি দিয়ে দেশে ফিরছেন। শুক্রবারও মিনতি পাল নামে এক নারীকে ভারত থেকে বাংলাদেশে আসার সময় আটক করেছে বিজিবি। এই নিয়ে চলতি বছরের জানুয়ারি থেকে ১৮ জুন পর্যন্ত ৯২৯ জনকে আটক করলো বিজিবি। অবৈধ পথে সীমান্ত পথে ভারত থেকে বাংলাদেশে প্রবেশ করায় দ্রুত সংক্রমণ ছড়িয়ে পড়তে পারে।

ঝিনাইদহ জেলা প্রশাসক মজিবর রহমান জানান, এ পর্যন্ত ভারত থেকে বৈধ ও অবৈধভাবে আসা ৩শ ৭৯ জনকে স্থানীয় এইড কমপ্লেক্স, পিটিআই ও আজাদ রেস্ট হাউজের কোয়ারেন্টাইন রাখা হয়েছিল। তাদের মধ্যে ৩শ ২২জন ছাড়পত্র পেয়েছেন। এদের মধ্যে মহেশপুর সীমান্ত থেকে বিজিবির হাতে আটক ৮০ জন এবং যশোর ও চুয়াডাঙ্গা দিয়ে বৈধভাবে আসে ২ শত ৮৯ জন ছিল।

এদের পরীক্ষার পর ১৬ জনের শরীরে করোনা পজেটিভ আসে। তাদেরকে হাসপাতালে ভর্তি করার পর ১২জনের নেগেটিভ হয়েছে। ৪ জন সদর হাসাপাতালে ভর্তি আছে। বর্তমানে সদরের এইড কমপ্লেক্সে ২৮ জন এবং বিজিবির হাতে আটক ১৬ জনকে মহেশপুর উপজেলার মহিলা কলেজে কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

করোনা সংক্রমক বেড়ে যাওয়ায় ইতিমধ্যে মহেশপুর উপজেলার ১টি গ্রাম লকডাউনসহ ৬টি ইউনিয়নে চলাচলে বিধিনিষেদ জারী করা হয়েছে । তাছাড়া মানুষকে সচেতন করতে প্রতিনিয়ত জেলা প্রশাসনের পক্ষ থেকে জোর প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। করোনা সংক্রমনের বিষয়ে সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, ঝিনাইদহ কোভিড হাসপাতালে

সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই আছে। লিকুইড অক্সিজেনও রয়েছে। করোনা মোকাবেলায় আমরা প্রস্তুত রয়েছি। তবে ঝিনাইদহ সদর হাসপাতালে এখনো পর্যন্ত কোন আইসিইউ নেই বলে তিনি জানান।

মুজিববর্ষে ঝিনাইদহে ৭০৫ গৃহহীন পরিবার ঘর পাচ্ছে

মুজিবর্ষ উপলক্ষে ঝিনাইদহের ৭’শ ৫ টি ভূমি ও গৃহহীন পরিবার পাচ্ছে জমিসহ ঘর। আগামী রোববার দ্বিতীয় পর্যায়ে ১’শ ৮৬ টি ঘর হস্তান্তর করা হবে। শুক্রবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানান জেলা প্রশাসক মজিবর রহমান।

জেলা প্রশাসক জানান, মুজিববর্ষে একজন মানুষও গৃহহীন থাকবে না প্রধানমন্ত্রীর এ কর্মসূচির অধিন জেলায় মোট ৭’শ ৫ টি ভূমি ও গৃহহীন পরিবারকে সরকারী ঘর বরাদ্ধ দেওয়া হয়েছে। এর মধ্যে প্রথম পর্যায়ে ৪’শ ৭ টি ঘর ভূমি ও গৃহহীনদের মাঝে হস্তান্তর করা হয়েছে এবং রোববার দ্বিতীয় পর্যায়ে ১’শ ৮৬ টি ঘর হস্তান্তর করা হবে। বাকি ঘরগুলো নির্মাণাধীন রয়েছে।

এ সমস্ত পরিবারের ঘর শিক্ষা স্বাস্থ্য কর্মসংস্থানসহ সকল ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত করতে গ্রোথ সেন্টার ও নিকটবর্তী হাটবাজারের পাশে স্থাপন করা হয়েছে। বিদ্যুৎ ও খাবার পানির ব্যবস্থাও রয়েছে বলে জানানো হয়। সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক মজিবর রহমান ছাড়াও, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, এনডিসি এরফানুল হক চৌধুরীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ শাখার নতুন কমিটি গঠন

ঝিনাইদহের কালীগঞ্জে বৃহস্পতিবার সকালে আল আমিন প্রি ক্যাডেট স্কুলে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ উপজেলা শাখার নতুন কমিটি গঠন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গোল্ডেন সান রেসিডেন্সিয়াল স্কুলের প্রধান শিক্ষক বাবু কার্তিক ভট্টাচার্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মহাসচিব আবুল কালাম আজাদ, বিশেষ অতিথি বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কোষাধ্যক্ষ হাবিবুর রহমান।

এ সময় সংগঠনের কার্যক্রম বেগবান ও করোনা কালীন সময়ে করনীয় এবং কিন্টারগার্টেন শিক্ষকদের সরকারী সহায়তা পাওয়া সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয় । আলোচনা শেষে আল আমিন প্রি ক্যাডেট স্কুলের পরিচালক ইকবাল হোসাইন কে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ উপজেলা শাখার সভাপতি ও কোলা বাজার শিশু একাডেমীর পরিচালক রফিকুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

কমমিটির অন্যান্যরা হলেন প্রধান উপদেষ্টা নলডাঙ্গা ভূষণ শিশু একাডেমির অধ্যক্ষ শাহী আলম, সিনিয়র সহ-সভাপতি কার্তিক ভট্টাচার্য, সহ সভাপতি ন্যাশনাল প্রি-ক্যাডেটের প্রধান শিক্ষক কেরামত আলী, সহ সাধারণ সম্পাদক মান্দারবাড়িয়া আইডিয়ালের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বারোবাজার শাপলা প্রি
– ক্যাডেটের প্রধান শিক্ষক জাকির হোসেন ,কোষাধ্যক্ষ এস বি প্রি
– ক্যাডেটের প্রধান শিক্ষক শামিউজ্জামান বাবু, প্রচার-সম্পাদক বেজপাড়া এজি স্কুলের প্রধান শিক্ষক রিপন বিশ্বাস এবং সদস্য হয়েছেন মর্ডান প্রি ক্যাডেটের প্রধান শিক্ষিকা রিংকু খাতুন ও আল আমিন স্কুলের সহকারী শিক্ষিকা জেসমিন সুলতানা।

ঝিনাইদহে হতদরিদ্রদের মাঝে ঔষধ বিতরণ

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়ের সহযোগিতায় ঝিনাইদহে পিছিয়ে পড়া হতদরিদ্র কর্মহীন মানুষের মাঝে ঔষধ ও পুষ্টিকর খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলার কানুহরপুর দাখিল মাদ্রাসায় এ উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক ডাঃ জাহিদ আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মোঃ ওয়ালিউর রহমান। এছাড়া ইউনিয়ন পরিষদ সদস্য সেলিম হোসেন, স্বাস্থ্য পরিদর্শক ফিরোজ আহমেদ, ইয়াসমিন, মাদ্রাসার সভাপতি আরিফ আহমেদ জনি সহ স্বানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেবা সংঘের পরিচালক আনিছুর রহমান স্বাগত বক্তব্য দেন।

সভাপতিত্ব করেন সেবা সংঘের সভাপতি আমিনুর রহমান টুকু। অনুষ্ঠানে আলোচনা শেষে প্রধান অতিথি উপস্থিত থেকে ৫০ জন হতদরিদ্র কর্মহীন মানুষের মাঝে ঔষধ ও পুষ্টিকর খাদ্যসামগ্রী, হেল্থ সেনিটাইজার, মাস্ক, সাবান ইত্যাদি সামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে করোনা প্রতিরোধে করনীয় বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

ঝিনাইদহে ৬ পৌর এলাকায় বিশেষ বিধি নিষেধ

করোনার সংক্রমণ রোধে ঝিনাইদহ জেলা প্রশাসন সাতদিনের জন্য বিশেষ

বিধিনিষেধ জারি করেছে। আগামীকাল শনিবার থেকে ঝিনাদহ পৌরসভাসহ জেলার ৬ পৌর এলাকায় এ বিশেষ বিধিনিষেধ জারি করেন জেলা প্রশাসন।

বুধবার বিকেলে জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষে এক জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। বিধিনিষেধের মধ্যে সন্ধ্যা ৬টা-সকাল ৬টা পর্যন্ত সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে।

পৌর এলাকার সব রুটে গণপরিবহন বন্ধ থাকবে। পণ্য পরিবহন ও ব্যক্তিগত গাড়ি চলবে। তবে প্রয়োজন ছাড়া বাইরে বের না হতে বলা হয়েছে।

এছাড়া মাস্ক ছাড়া বাইরে বের হলে অধিক জরিমানার বিধান রাখা হয়েছে। সর্বশেষ গত ২৪ ঘণ্টায় ১২০ জনের নমুনা পরীক্ষায় ৪৩ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে।

এর আগের দিন ৬০ জনের নমুনা পরীক্ষায় ৩৪ জনের করোনা শনাক্ত হয়। এদের মধ্যে দুইজন মারা গেছেন। এ নিয়ে জেলায় মোট করোনা আক্রান্ত হয়েছেন ৩ হাজার ১৯৭ জন। এরমধ্যে সুস্থ হয়েছেন ২ হাজার ৮২৭ জন। এছাড়া করোনায় মারা গেছেন ৬১ জন।

এদিকে ঝিনাইদহ সদর হাসপাতালের মেডিকেল অফিসার ডাক্তার লিমন পারভেজ জানান, এক সপ্তাহ আগে আক্রান্তের সংখ্যা কম ছিল। হঠাৎ করে কয়েকদিন থেকে আক্রান্তের সংখ্যা বেড়ে গেছে। ফলে অনুমান করা যায়, পরিস্থিতি খারাপের দিকে যাচ্ছে। এমন পরিস্থিতিতে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্বারোপ করেন এ চিকিৎসক।

ঝিনাইদহে বেড়েছে করোনা সংক্রমনের হার

ঝিনাইদহে হঠাৎ করে করোনা সংক্রমনের হার বাড়তে শুরু করেছে। গত ২৪ ঘন্টায় ৬০ জনের নমুনা পরীক্ষা করে ৩৪ জনের করোনা সনাক্ত হয়েছে। সনাক্তের হার ৫৬ দশমিক ৬৬ ভাগ। যা বিগত সময়ের চেয়ে সবচেয়ে বেশী।

সিভিল সার্জন ডা. সেলিনা বেগম জানান, মঙ্গলবার সকালে ঝিনাইদহ

ল্যাব থেকে আসা করোনা সনাক্তের ফলাফলে এসেছে। সেখানে ৬০ জনের নমুনা পরীক্ষা করে ৩৪ জনের করোনা পজেটিভ হয়েছে।

এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা ৩ হাজার ১শত৫৪ জন। জেলায় মোট মৃত্যু’র সংখ্যা ৬০ জন। তবে গত ২৪ ঘন্টায় কোটচাদপুর উপজেলায় ১জন মারা গেছে। বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালের কোভিড ইউনিটে রোগী ভর্তি আছে ১৯ জন।

উপজেলা ভিত্তিক মোট আক্রান্তের সংখ্যা সদরে ১৬৪৭ জন, শৈলকুপায় ৩৬৭ জন, হরিণাকুণ্ডুতে ১৮১ জন, কোটচাঁদপুরে ১৭০ জন, কালীগঞ্জে ৬৩২জন এবং মহেশপুরে ১৫৭ জন।

কালীগঞ্জে মানসিক প্রতিবন্ধীকে আগুনে পুড়িয়ে হত্যা চেষ্টা

ঝিনাইদহের কালীগঞ্জ শহরের বিহারী মোড় নামক স্থানে আব্দুর রহমান
(৪৬) নামে এক মানসিক প্রতিবন্ধীর শরীরে দাহ্য পদার্থ দিয়ে আগুন ধরিয়ে হত্যাচেষ্টার অভিযোগ পাওয়া গেছে।

সোমবার রাত সাড়ে ৮ টার দিকে শহরের বিহারী মোড় এলাকায় এ ঘটনা ঘটে। দগ্ধ আব্দুর রহমান শহরের আড়পাড়া এলাকার মুনছুর খানের ছেলে।

স্থানীয়রা জানায়, রাত সাড়ে ৮ টার দিকে বিহারী মোড়ে এসে আব্দুর রহমান হাটাহাটি করছিল। এ সময় সে বিপ্লব নামে একজনের নাম ধরে ডাক দেয়। হঠাৎ হুরাইরা হার্ডওয়ার এর মালিক ও সাবেক কমিশনার মার্জেদ আলীর ছেলে বিপ্লব হোসেন আব্দুর রহমানের শরীরে দাহ্য পদার্থ (তারপিন) ঢেলে ম্যাচ দিয়ে আগুন ধরিয়ে দেয়। এসময় শরীরে আগুন লাগা অবস্থায় এদিক-সেদিক ছোটাছুটি শুরু করে। পরে এক সেলুন মালিক তার শরীরে একটি তোয়ালে দিয়ে আগুন নেভানোর চেষ্টা করে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

কালীগঞ্জ পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর মুক্তার হোসেন জানান,

আব্দুর রহমান একজন মানসিক প্রতিবন্ধী। শহরের বিভিন্ন দোকানে ঘুরে ঘুরে খাবার তুলে খায়। সবাই তাকে পাগল বলেই চেনে। বিভিন্ন সময় সে মানুষের নাম ধরে ডাকে। বিহারী মোড়ের হার্ডওয়্যার ব্যবসায়ী বিপ্লব মানসিক প্রতিবন্ধী আব্দুর রহমানের শরীরে দাহ্য পদার্থ দিয়ে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনা দুঃখজনক।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. আহসানুল হক জানান, আব্দুর রহমানের শরীরের ১৭ শতাংশ পুড়ে গেছে। তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, মানসিক প্রতিবন্ধীর শরীরে দাহ্য পদার্থ দিয়ে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনা শুনেছি। অবশ্যই এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অভিযুক্ত বিপ্লবকে আটক করতে পুলিশ অভিযান শুরু করেছে।

কালীগঞ্জে করোনায় আক্রান্ত হয়ে ঔষধ ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে করোনায় মাহাবুবুর রহমান (৩৬) নামে এক ঔষধ ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টার দিকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়ার পথে তার মৃত্যু হয়।
মাহাবুবুর রহমান কালীগঞ্জ শহরের ১০ তলা ভবনের সালমান ফার্মেসীর স্বত্ত্বাধিকারী ও চৌগাছা উপজেলার বাদেখানপুর গ্রামের আয়ুব আলীর ছেলে। তিনি কালীগঞ্জ শহরের নিশ্চিন্তপুর এলাকার বাসিন্দা।
নিহতের ফুফাতো ভাই শাহীন হোসেন জানান, গত তিন দিন আগে ভাইয়ার নমুনা পরীক্ষায় করোনা পজেটিভ আসে। যশোর সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি ছিলেন। উন্নত চিকিৎসার জন্য মঙ্গলবার সকালে ঢাকায় নিয়ে যাওয়ার পথে ফেরীঘাটে মারা যান।
এদিকে, ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় ৬০ নমুনা পরীক্ষায় ৩৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এরমধ্যে ঝিনাইদহ সদরে ৭, শৈলকুপায় ৯, কালীগঞ্জে ৭ ও হরিণাকুণ্ডুতে ১১ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত ৩১৫৪, সুস্থ হয়েছেন ২৮২০ জন। এ পর্যন্ত করোনায় প্রাণ হারিয়েছেন ৬১ জন।

উল্লেখ্য, সর্বশেষ গত ৪ এপ্রিল ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বেজপাড়া গ্রামের রহিমা খাতুন খুলনা মেডিকেল কলেজে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।